

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২- ১৫৯

তারিখঃ ০৬/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ গোপালগঞ্জ জেলায় ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রস্তুতিতে সম্পৃক্ত জনবলের একদিনের রিফ্রেশার কোর্স আয়োজন প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রমের কম্পিউটার জেনারেটেড (স্বয়ংক্রিয়) মাসিক প্রতিবেদন (অনলাইন রিপোর্টিং) প্রণয়ন ও প্রাপ্তির প্রক্রিয়া গোপালগঞ্জ জেলায় এক বছর পূর্বে বাস্তবায়িত হয়েছে। দূর্ভাগ্যবশতঃ জেলাধীন সকল উপজেলা হতে নিয়মিতভাবে অনলাইনে প্রতিবেদনও প্রস্তুত হচ্ছে না, যা অত্যন্ত দুঃখজনক। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক গোপালগঞ্জ জেলায় একদিনের রিফ্রেশার প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে।

তারিখ	প্রশিক্ষণ ভেন্যু	অংশগ্রহনকারী উপজেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১১/০৪/২০১৭ খ্রিঃ	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর, টুংগীপাড়া, কোটালীপাড়া, কাশিয়ানী ও মকসুদপুর	প্রতি উপজেলা হতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ০১ জন অনলাইন রিপোর্টিং- এ সম্পৃক্ত কর্মচারী ০১ জন, জেলা কার্যালয়ের উপ-পরিচালক/সহকারী পরিচালক ০১ জন ও প্রশিক্ষক (কম্পিউটার) ০১ জন, মোট = (৫x১)+(৫x১)+২ = ১২ জন

০২। প্রশিক্ষণে ফ্যাসিলিটের হিসেবে জনাব মোঃ পারভেজ মোল্যা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর এবং প্রধান কার্যালয়ের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখার কর্মকর্তা উপস্থিত থাকবেন। উক্ত প্রশিক্ষণে এ সংক্রান্ত গঠিত রিসোর্স পুলের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ কো-ফ্যাসিলিটের হিসেবে উপস্থিত থাকবেন-

নং	কো-ফ্যাসিলিটের নাম	পদবী	কর্মস্থল
০১.	জনাব মোঃ আবুল হোসেন	উপ পরিচালক	যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ
০২.	জনাব মোঃ আব্দুল কাদের	সহকারী পরিচালক	যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা
০৩.	জনাব সঞ্জীব কুমার দাশ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব উন্নয়ন অধিদপ্তর, সাতক্ষীরা সদর
০৪.	জনাব ফ. মোঃ সরওয়ার মোর্শেদ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	যুব উন্নয়ন অধিদপ্তর, নগরকান্দা, ফরিদপুর

০৩। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারী প্রতিটি উপজেলা হতে নিম্নবর্ণিত দ্রব্যাদি প্রশিক্ষণ শুরুর পূর্বদিন সকাল ১০টার মধ্যে প্রশিক্ষণ ভেন্যুতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ক.প্রত্যেক উপজেলার সফটওয়্যার সমৃদ্ধ কম্পিউটার (সিপিইউ);


খ. ডিসেম্বর ২০১৫ হতে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত ঋণের ম্যানুয়াল মাসিক প্রতিবেদনসমূহ;

গ. ঋণ বিতরণ রেজিস্টার; ঘ. দৈনন্দিন/মাসিক আদায় রেজিস্টার (হালনাগাদ এন্ট্রিসহ);

০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং যিনি প্রতিমাসে সফটওয়্যারে ডাটা এন্ট্রি দেন তাকে বাধ্যতামূলক প্রশিক্ষণে অংশ নিতে হবে।

০৫। বর্ণিত প্রশিক্ষণে কো-ফ্যাসিলিটেরগণ স্ব-স্ব ল্যাপটপসহ উপস্থিত হবেন।

০৬। এমতাবস্থায় রিফ্রেশার কোর্স আয়োজনের জন্য ভেন্যু নির্বাচন, ভেন্যুতে উপজেলা হতে আনীত সিপিইউ স্থাপন, প্রশিক্ষণ কক্ষে ইন্টারনেট কানেকটিভিটি স্থাপন করে ভেন্যু প্রস্তুত এবং অংশগ্রহনকারীদের উপস্থিতি নিশ্চিত করাসহ প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ফোন : ৯৫১৫০১৯

Email-addydp@gmail.com

উপ-পরিচালক,  
যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২- ১৫৯

তারিখঃ ০৬/০৪/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


০৩। জনাব -----।

০৪। জনাব মোঃ পারভেজ মোল্যা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনিরামপুর, যশোর।

০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা .....সংশ্লিষ্ট সকল উপজেলা .....জেলা।

০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭। অফিস কপি/গার্ড নথি।



(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)